গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৮১/২০১৮-২০১৯

ঢাকা, বুধবার ২০ মার্চ ২০১৯, ৬ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। টেকসই উন্নয়নে যথাযথ ভূমিকা রাখুন : প্রকৌশলীদের উদ্দেশে রাষ্ট্রপতি

২। উন্নয়ন প্রকল্পে তদারকি বাড়াতে প্রধানমন্ত্রীর নির্দেশনা
১ লাখ ৬৫ হাজার কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন

৩। সিঙ্গাপুরে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন
সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি আজ

৪। মন্ত্রণালয়ের জোরদার মনিটরিংয়ের কারণে হাসপাতালগুলোতে চিকিৎসকের উপস্থিতি বেড়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৫। বাংলাদেশ বিষয়ে মার্কিন মানবাধিকার প্রতিবেদন পক্ষপাতদুষ্ট : তথ্যমন্ত্রী

৬। এবার জিডিপি প্রবৃদ্ধি হবে রেকর্ড ৮ দশমিক ১৩ শতাংশ : অর্থমন্ত্রী
মাথাপিছু আয় বেড়ে ১৯০৯ মার্কিন ডলার

৭। অর্থমন্ত্রীর সাথে ইউএনডিপি'র আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ
উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনে জাতিসংঘ সহযোগী হিসেবে কাজ করবে বলে আশাবাদ

৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্যই শিক্ষার উন্নয়ন হচ্ছে : শিক্ষামন্ত্রী

৯। বিসিআইসি'র প্রতিষ্ঠানগুলোকে লাভজনক করতে হবে : শিল্পমন্ত্রী

১০। সরকারি প্রকল্পগুলোতে দেশীয় প্রতিষ্ঠানের সফটওয়্যার ব্যবহৃত হবে :
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

১১। স্বর্ণ আমদানির লাইসেন্স পেতে এক কোটি টাকা মূলধন লাগবে : বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি

১২। অস্ট্রেলিয়ায় ভ্রমণ সতর্কতা জারি বাংলাদেশের

চলমান পাতা-২

**১। টেকসই উন্নয়নে যথাযথ ভূমিকা রাখুন : প্রকৌশলীদের উদ্দেশে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের চলমান উন্নয়ন কর্মসূচি জনবান্ধব ও টেকসই করায় সহায়তা করতে প্রকৌশলী ও প্রযুক্তিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়নে উন্নয়ন পরিকল্পনা 'ভিশন-২০২১' এবং 'ভিশন-২০৪১' গ্রহণ করেছেন। এ স্বপ্ন বাস্তবায়নে উন্নয়নকাজ জনবান্ধব ও টেকসই করতে প্রকৌশলী ও প্রযুক্তিবিদদের ভূমিকা রাখতে হবে। রাষ্ট্রপতি গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ১১তম সমাবর্তনে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে (পৃ.১,ক.১), বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**২। উন্নয়ন প্রকল্পে তদারকি বাড়াতে প্রধানমন্ত্রীর নির্দেশনা**
**১ লাখ ৬৫ হাজার কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য ১ লাখ ৬৫ হাজার কোটি টাকার সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া স্বায়ত্তশাসিত সংস্থা ও কর্পোরেশনের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে প্রায় ৯ হাজার ৬২০ কোটি টাকা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় এর অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরস্থ এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এনইসি সভাশেষে আয়োজিত সংবাদসম্মেলনে আরএডিপি'র বিভিন্ন দিক তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি জানান, প্রকল্পে তদারকি বাড়াতে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে (আইএমইডি) শক্তিশালী করার নির্দেশনা দেওয়া হয়েছে। সকল বিভাগীয় শহরে আইএমইডি'র কার্যালয় স্থাপন করা হবে। নিজস্ব ইঞ্জিনিয়ারিং ল্যাবসহ জনবল বৃদ্ধি করা হবে। মন্ত্রী জানান, প্রকল্প শেষ হওয়ার পর তিন মাসের মধ্যে এর সমাপ্তি প্রতিবেদন দেওয়ার নিয়ম থাকলেও বেশিরভাগ ক্ষেত্রে দেওয়া হয় না। এখন থেকে বাধ্যতামূলকভাবে এ প্রতিবেদন দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৩। সিঙ্গাপুরে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন**
**সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি আজ**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি করা হবে আজ (২০ মার্চ বুধবার)। স্থানীয় সময় সকাল ১০টায় তাঁর বাইপাস সার্জারি করবেন ডা. ফিলিপ কোহ-এর নেতৃত্বে গঠিত মেডিকেল বোর্ডের সিনিয়র সদস্য কার্ডিওথোরাসিক সার্জন ডা. সিবাস্টিন কুমার সামি। সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের রক্তচাপ, ডায়াবেটিস নিয়ন্ত্রণে রয়েছে। তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে বলে জানিয়েছেন তাঁর সঙ্গে থাকা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচালক এবং নিউরোলজিস্ট প্রফেসর ডা. আবু নাসার রিজভী। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে (শেষ পৃ,ক.৮), অবজারভার (পৃ.১,ক.৬)**।

**৪। মন্ত্রণালয়ের জোরদার মনিটরিংয়ের কারণে হাসপাতালগুলোতে চিকিৎসকের উপস্থিতি বেড়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ জাহিদ মালেক জানিয়েছেন, মন্ত্রণালয়ের জোরদার মনিটরিংয়ের কারণে হাসপাতালগুলোতে উপস্থিতির হার এখন বেড়ে ৭০ শতাংশে উন্নীত হয়েছে। মন্ত্রণালয় ও অধিদফতরের যৌথ মনিটরিং কঠোরভাবে অব্যাহত রেখে এ হার শতভাগে উন্নীত করা হবে। গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে অনুষ্ঠিত চিকিৎসাশিক্ষার আসন মূল্যায়ন, উচ্চশিক্ষায় কোর্সসমূহের সমন্বয়করণ এবং প্রেষণ নীতিমালা-২০১৩ যুযোগপযোগীকরণ সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, হাসপাতালের যন্ত্রপাতি সুষ্ঠু রক্ষণাবেক্ষণের লক্ষ্যেও মনিটরিং জোরদার করা হচ্ছে। হাসপাতালে সেবার মান বাড়ানোর জন্য সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাসহ সব প্রতিষ্ঠান প্রধানকে আরও দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**৫। বাংলাদেশ বিষয়ে মার্কিন মানবাধিকার প্রতিবেদন পক্ষপাতদুষ্ট : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বাংলাদেশে মানবাধিকার চর্চা বিষয়ে সাম্প্রতিক মার্কিন স্টেট ডিপার্টমেন্টের মানবাধিকার প্রতিবেদন সম্পূর্ণভাবে পক্ষপাতদুষ্ট। গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) ঢাকায় সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদসম্মেলনে তিনি বলেন, প্রতিবেদনটি বাংলাদেশের কতিপয় সংস্থা যেমন 'অধিকার' ও 'টিআইবি' থেকে নেওয়া তথ্যের ওপর ভিত্তি করে তৈরি। তাই ইউএস স্টেট ডিপার্টমেন্টের বাংলাদেশের মানবাধিকার বিষয়ে প্রতিবেদনটি একপেশে বলে মনে করছি। মন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশের কতিপয় মিডিয়া ও এনজিও থেকে প্রাপ্ত তথ্য নিয়ে প্রতিবেদন তৈরি করেছে। এ প্রতিবেদন তাদের নিজস্ব কোনো অনুসন্ধানের ওপর ভিত্তি করে লেখা হয়নি। তিনি বলেন, প্রতিবেদনের পর্যবেক্ষণগুলো যুক্তরাষ্ট্রের জন্য প্রযোজ্য বাংলাদেশের জন্য নয়, তাই এটাকে বাংলাদেশ প্রত্যাখ্যান করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**৬। এবার জিডিপি প্রবৃদ্ধি হবে রেকর্ড ৮ দশমিক ১৩ শতাংশ : অর্থমন্ত্রী**
**মাথাপিছু আয় বেড়ে ১৯০৯ মার্কিন ডলার**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানিয়েছেন, চলতি (২০১৮-১৯) অর্থবছর শেষে দেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি ৮ দশমিক ১৩ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। সেইসঙ্গে মাথাপিছু আয় বেড়ে হবে ১ হাজার ৯০৯ মার্কিন ডলার। গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) শেরে বাংলানগরস্থ এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভাশেষে আয়োজিত সংবাদসম্মেলনে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এ প্রাক্কলন সাংবাদিকদের সামনে তুলে ধরেন অর্থমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৭। অর্থমন্ত্রীর সাথে ইউএনডিপি'র আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ**
**উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনে জাতিসংঘ সহযোগী হিসেবে কাজ করবে বলে আশাবাদ**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বিশ্বব্যাপী চলমান অর্থনৈতিক মন্দা সত্ত্বেও বাংলাদেশ ধারাবাহিকভাবে সাত শতাংশের ওপরে প্রবৃদ্ধি অর্জন করে চলেছে। গত অর্থবছরে সাত দশমিক ৮৬ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে এবং চলতি অর্থবছরে আট দশমিক ১৩ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। আমরা স্বাস্থ্য, খাদ্য, শিক্ষাসহ প্রায় সকল খাতে অগ্রগতি অর্জন করেছি। ১০ বছর পূর্বের বাংলাদেশ আর বর্তমান বাংলাদেশের মাঝে অনেক তফাৎ রয়েছে। বাংলাদেশ এখন সারাবিশ্বে উন্নয়নের রোল মডেলে রূপান্তরিত হয়েছে। বাংলাদেশ বিনিয়োগের জন্যও উত্তম জায়গা। অগ্রগতির সকল খাতে বাংলাদেশ এগিয়ে চলেছে। গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) আগারগাঁওয়ে অর্থমন্ত্রীর দপ্তরে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পোসহ প্রতিনিধিদল। বৈঠকে অর্থমন্ত্রী এসব কথা বলেন। জাতিসংঘ বাংলাদেশের অগ্রগতির পথে কোনো শর্ত আরোপ করে উন্নয়নকে বাধাগ্রস্ত না করে বরং বাংলাদেশকে তার অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে সহযোগী হিসেবে কাজ করবে বলে মন্ত্রী আশা ব্যক্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্যই শিক্ষার উন্নয়ন হচ্ছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্যই বাংলাদেশে আজ শিক্ষার মানের উন্নয়ন হচ্ছে। শিক্ষার্থীরা আগে বইয়ের অভাবে ঠিকমতো পড়ালেখা করতে পারত না। এখন শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় বছরের প্রথম দিনই শিক্ষার্থীরা বিনামূল্যে বই পাচ্ছে। তিনি অনেক শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ করেছেন, যা অন্য কোনো সরকার করেনি। মাদারীপুরের কালকিনি উপজেলার ডাসারের সরকারি শেখ হাসিনা একাডেমি এন্ড উইমেন্স বিশ্ববিদ্যালয়ের কলেজ চত্বরে গতকাল (১৯ মার্চ মঙ্গলবার) আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনে-২০১৯ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রদানকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

**৯।	বিসিআইসি'র প্রতিষ্ঠানগুলোকে লাভজনক করতে হবে : শিল্পমন্ত্রী**

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) আওতাধীন **১৩**টি প্রতিষ্ঠানকে লাভজনক করতে সর্বোচ্চ আন্তরিকতা, সততা ও পেশাদারিত্বের সঙ্গে অর্পিত দায়িত্ব পালনের জন্য কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের প্রতি আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, অতীতের অভিজ্ঞতার আলোকে উৎপাদনক্ষমতার সর্বোচ্চ ব্যবহার ও প্রয়োজনীয় ক্ষেত্রে আধুনিকায়নের উদ্যোগ নিয়ে এগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। শিল্পমন্ত্রী গতকাল (**১৯** মার্চ মঙ্গলবার) রাজধানীর বিসিআইসি সম্মেলনকক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে এ আহ্বান জানান। শিল্পমন্ত্রী বলেন, শিল্প কারখানা লাভজনক হলে এর সুফল শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা নির্বিশেষে সকলেই উপভোগ করবে এবং অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করা সম্ভব হবে বলে তিনি মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**১০।	সরকারি প্রকল্পগুলোতে দেশীয় প্রতিষ্ঠানের সফটওয়্যার ব্যবহৃত হবে :
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

সরকারি প্রকল্পগুলোতে যেসব সফটওয়্যার ব্যবহৃত হবে তা দেশীয় প্রতিষ্ঠান থেকেই নেওয়া হবে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (**১৯** মার্চ বুধবার) বসুন্ধরার আন্তর্জাতিক কনভেনশন সিটিতে (আইসিসিবি) 'সফটএক্সপো-২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তথ্যপ্রযুক্তি খাতে সরকারের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরে তিনি বলেন, এখন পর্যন্ত দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৯ হাজার শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। আরও প্রায় ২৫ হাজারের অধিক ল্যাব তৈরির কাজ চলছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১১।	স্বর্ণ আমদানির লাইসেন্স পেতে এক কোটি টাকা মূলধন লাগবে : বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি**

স্বর্ণ আমদানির জন্য আগ্রহীদের লাইসেন্স দিতে আবেদনপত্র নেওয়া শুরু করেছে বাংলাদেশ ব্যাংক। এ জন্য বেশ কিছু শর্ত দেওয়া হয়েছে। আবেদনকারী নিবন্ধিত লিমিটেড কোম্পানি হলে কোম্পানির পরিশোধিত মূলধন ন্যূনতম এক কোটি টাকা থাকতে হবে। আমদানিকৃত স্বর্ণের বার ও স্বর্ণালঙ্কার নিরাপদে রাখতে সাড়ে ৭০০ বর্গফুটের কার্যালয় থাকতে হবে। লাইসেন্সের জন্য আবেদনকারীদের অফেরতযোগ্য পাঁচ লাখ টাকার পে অর্ডার দিতে হবে। গতকাল (**১৯** মার্চ বুধবার) এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করেছে বাংলাদেশ ব্যাংক। পরিপত্র অনুযায়ী লাইসেন্সের জন্য আবেদনকারীকে ৩০ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১২।	অস্ট্রেলিয়ায় ভ্রমণ সতর্কতা জারি বাংলাদেশের**

নিউজিল্যান্ডের পর এবার অস্ট্রেলিয়ায় ভ্রমণ সতর্কতা জারি করেছে বাংলাদেশ। গতকাল (**১৯** মার্চ মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা ভ্রমণ সতর্কতায় বলা হয়েছে, যেসব বাংলাদেশি অস্ট্রেলিয়ায় অবস্থান করছেন এবং যারা সেখানে ভ্রমণে যেতে আগ্রহী তারা যেন সব সময় সতর্ক থাকেন। বিশেষ করে পাবলিক প্লেসে সতর্ক থাকতে বলা হয়েছে। সেখানকার সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে জানতে গণমাধ্যম এবং স্থানীয়ভাবে তথ্য সংগ্রহের অনুরোধ করা হয়েছে। একইসঙ্গে ক্যানবেরাতে বাংলাদেশ হাইকমিশন তাদের সহায়তার জন্য সব সময় প্রস্তুত আছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

**সম্পাদকীয়**

ক.	**সমকাল, যায়যায়দিন, সংবাদ, ভোরের কাগজ :** উপজেলা নির্বাচনের দায়িত্ব শেষে রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা থেকে ফেরার পথে 'নয় মাইল' নামে পরিচিত এলাকায় ব্রাশফায়ারে অন্তত সাতজন নিহত ও বিলাইছড়িতে উপজেলা আওয়ামী লীগ সভাপতিকে গুলি করে হত্যার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পাহাড়ে সহিংসতা থামাতে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ.	**ইনকিলাব, ইত্তেফাক :** আগামী বাজেটে ব্যাংক ঋণে চক্রবৃদ্ধি সুদহার থাকছে না উল্লেখ করে এটি একটি ইতিবাচক উদ্যোগ বলে মতপ্রকাশ।

গ.	**ইত্তেফাক :** রাজধানীর যমুনা ফিউচার পার্কসংলগ্ন প্রগতি সরণির পথচারী পারাপারের জন্য নির্ধারিত জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হওয়ার সময় বাসের চাপায় বাংলাদেশ ইউনিভার্সিটি অভ্ প্রফেশনালস এর একজন ছাত্র নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনারোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ.	**যায়যায়দিন :** ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইন্সের দুই বিমানবালাকে চার কেজির বেশি সোনাসহ আটক করা হয়েছে উল্লেখ করে স্বর্ণ চোরাচালানরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ.	**ইন্ডিপেনডেন্ট :** সারাদেশে বেহাল সড়ক-মহাসড়কগুলো সংস্কারের ওপর গুরুত্বারোপ।

চ.	**নিউ এজ :** বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শিশুদের প্রাতিষ্ঠানিক শিক্ষার ব্যবস্থা করার সুপারিশ।

ছ.	**সংবাদ :** অপেক্ষাকৃত কম ভাড়া ও নিরাপদ যাত্রীসেবা পেতে বন্ধ হয়ে যাওয়া বিআরটিসি বাসগুলো চালু করার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজনীতিতে দূরদর্শিতা ও রাষ্ট্রনায়কোচিত গুণাবলির

অধিকারী না হলে কেউ সফল রাজনীতিবিদ ও রাষ্ট্রনায়ক হতে পারেন না।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘দেশের চা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে হবে’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশে নতুন নতুন চা বাগান সৃষ্টির মাধ্যমে চা পাতা উৎপাদন বৃদ্ধি করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা